

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্মারক নং-৩৪.০১.৯৪৯৪.০০০.৩৮.১৩৩.০৮- ৮৮

তারিখঃ ১০/১০/২০২৩ খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

প্রধান কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জি মোতাবেক দেশের বেকার যুবদের দক্ষতাবৃদ্ধি, কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও কর্তৃক পরিচালিত নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ঠাকুরগাঁও সদর উপজেলার বেকার যুবক ও যুব মহিলাদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম	কোর্সের মেয়াদ	কোর্সের ধরন	উপজেলার আসন	সাক্ষাৎকারের তারিখ ও সময়	প্রশিক্ষণ কোর্সে ভর্তির তারিখ
কৃষি ও হাটকালচার	০১ (এক) মাস	আবাসিক	২০ জন (কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী কম বা বেশি হতে পারে)	২৯/১০/২০২৩ খ্রিঃ সকাল ১০.৩০ মি.	০১/১০/২০২৩খ্রিঃ

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ২৬/১০/২০২৩ খ্রিঃ
- বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে
- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
- নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্মতারিখ (ঞ) বয়স (দরখাস্ত জমাদেয়ার শেষ তারিখে) উল্লেখ করতে হবে।
- আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার ও বয়স প্রমানের সত্যায়িত সনদপত্র/প্রত্যয়নপত্র (খ) ভোটার আইডি কার্ড/জন্মনিবন্ধন এর সত্যায়িত সনদপত্র (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সত্যায়িত সনদপত্র (ঘ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সহ নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্র সমূহ সংশ্লিষ্ট আনতে হবে।
- বর্ণিত প্রশিক্ষণ কোর্সের আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও বরাবর দাখিল করতে হবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ১০.৩০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রশিক্ষকের শর্তাবলী :

- বর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির সময় ভর্তি ফি ১০০/= (এক শত) টাকা (অফেরতযোগ্য) টাকা এবং জামানত হিসেবে ১০০/= (একশত) টাকা (ফেরতযোগ্য) কেন্দ্রে জমা দিতে হবে সমাপনী দিবসে জামানত ফেরত দেয়া হবে।
- কোর্সটি সম্পূর্ণ আবাসিক বিধায় কোর্সে ভর্তিকৃতদের হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক।
- বর্ণিত কোর্সটি আবাসিক ভাবে পরিচালিত হবে বিধায় হোস্টেলে অবস্থানকারীদের কেন্দ্রের নিয়মানুসারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। হোস্টেলে অবস্থান না করলে ভাতার টাকা প্রদান করা হবে না।
- প্রত্যেক প্রশিক্ষনার্থীকে কেন্দ্রের নিয়ম শৃংখলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।
- ইতিপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

(মো: এমদাদ আলী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

তারিখঃ ১০/১০/২০২৩ খ্রিঃ

স্মারক নং-৩৪.০১.৯৪৯৪.০০০.৩৮.১৩৩.০৮- ৮৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
- ০৪। ডেপুটি কো অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
- ০৫। অফিস নথি/নোটিশ বোর্ড।

(মো: এমদাদ আলী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।